



## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বশরীরে পরীক্ষা শুরু



৭ অক্টোবর ২০২১-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল ইনস্টিটিউট ও বিভাগে শিক্ষার্থীবৃন্দের স্বশরীরে সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ শিক্ষার্থীবৃন্দকে ফুলেল শুভেচ্ছা জানান। এছাড়াও তিনি বিভিন্ন ইনস্টিটিউট ও বিভাগের পরীক্ষার হল পরিদর্শন করেন এবং পরীক্ষা চলাকালীন সময়ে করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় সকল প্রকার স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ প্রদান করেন।

পরীক্ষা পরিদর্শনকালে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নূরে আলম আব্দুল্লাহ, প্রক্টর এবং সহকারী প্রক্টরবৃন্দ সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।